রাজধানীতে স্বেচ্ছাসেবক দলের সাবেক নেতা গুলিতে নিহত



সংগৃহীত ছবি

রাজধানীতে ফের সশস্ত্র হামলার ঘটনা ঘটেছে। ঢাকা মহানগর উত্তর স্বেচ্ছাসেবক দলের সাবেক সদস্য সচিব আজিজুর রহমান মুসাব্বিরকে গুলি করে হত্যা করেছে দুর্বৃত্তরা। বুধবার (৭ জানুয়ারি) রাত সাড়ে ৮টার দিকে বসুন্ধরা সিটির পেছনে স্টার হোটেলের সামনে এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শী ও পুলিশ সূত্র জানায়, অজ্ঞাত পরিচয়ের বন্দুকধারীরা মুসাব্বিরকে লক্ষ্য করে একাধিক গুলি ছোড়ে। গুরুতর আহত অবস্থায় প্রথমে একটি বেসরকারি হাসপাতালে নেওয়া হলেও পরে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

একই হামলায় আবু সুফিয়ান নামে আরও একজন গুলিবিদ্ধ হন। তিনি কারওয়ান বাজার ভ্যান মালিক সমিতির সাধারণ সম্পাদক। আহত সুফিয়ান বর্তমানে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

ডিএমপির তেজগাঁও বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার ফজলুল করিম জানান, তেজতুরী বাজার এলাকায় এই হামলা চালানো হয়। ঘটনার সঙ্গে জড়িতদের শনাক্তে তদন্ত চলছে বলে জানিয়েছে পুলিশ।